



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বিয়ানীবাজার, সিলেট  
www.beanibazar.sylhet.gov.bd



স্মারক নম্বর: ০৫.৪৬.৯১১৭.০০০.৩২.০০১.১৯.

তারিখ: ১৯ আষাঢ় ১৪২৯  
৩ জুলাই ২০২২

বিয়ানীবাজার উপজেলার আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে অস্থায়ী কোরবানীর পশুর  
হাট ইজারা প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি :

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট এর ৩০ জুন ২০২২ তারিখের ০৫.৪৬.৯১০০.০০৯.৩৬.০০৩.২১.২৮৭ নম্বর স্মারকাদেশের প্রেক্ষিতে পবিত্র ঈদ-উল-আযহা ২০২২ উপলক্ষ্যে বিয়ানীবাজার উপজেলার নিম্নোক্ত অস্থায়ী কোরবানীর পশুর হাট হিসেবে আগামী ০৭/০৭/২০২২ খ্রি. তারিখ বিকাল হতে ১০/০৭/২০২২ খ্রি. তারিখ সকাল পর্যন্ত সময় পর্যন্ত ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নলিখিত সিডিউল ও শর্তাবলী অনুসারে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সংক্রান্ত অন্যান্য তথ্যাবলী অত্র কার্যালয় হতে জানা যাবে।

অস্থায়ী হাট বাজারের নাম ও ঠিকানা :

ক্রমিক	পৌরসভা/ইউনিয়নের নাম	বাজারের নাম	মন্তব্য
০১	চারখাই	চারখাই বাজার সংলগ্ন মাঠ	অস্থায়ী
০২	তিলপাড়া	আছিরগঞ্জ বাজার সংলগ্ন মাঠ	অস্থায়ী
০৩	মুড়িয়া	সারপার বাজার	অস্থায়ী
০৪	মুড়িয়া	ওহাব আলী মার্কেট সংলগ্ন মাঠ	অস্থায়ী
০৫	মাখিউরা	ভাটার বাজার	অস্থায়ী
০৬	মাখিউরা	মাখিউরা ঈদগাহ বাজার	অস্থায়ী
০৭	মাখিউরা	নালবহর বাজার	অস্থায়ী

২। দরপত্র দাখিলের স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/উপজেলা ভূমি অফিস/ইউনিয়ন ভূমি অফিস (সকল), বিয়ানীবাজার, সিলেট।

৩। দরপত্র সিডিউল ফরম বিক্রয়, দরপত্র দাখিল ও দরপত্র খোলার সময়সূচি :

দরপত্র ক্রয়ের সর্বশেষ তারিখ ও সময়	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়	মন্তব্য
৫/০৭/২০২২ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত	৬/০৭/২০২২ খ্রি. বিকাল ২.০০ ঘটিকা পর্যন্ত	৬/০৭/২০২২ খ্রি. বিকাল ৪.০০ ঘটিকা	

বিঃ দ্রঃ - প্রকাশিত দরপত্র বিজ্ঞপ্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে জানা যাবে। দরপত্র খোলার নির্ধারিত তারিখ ও সময়ে দরপত্র দাতাদের সামনে (যদি দরপত্র দাতা উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

ইজারা প্রদানের শর্তাবলী :

- ১। অস্থায়ী পশুর হাট নির্ধারিত সীমানার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। কোন ক্রমেই হাটের সীমানা সম্প্রসারণ করা যাবে না। হাটের কোন জায়গা অস্থায়ী পশুর হাট ব্যতীত অন্য কোন উদ্দেশ্য ব্যবহার করা যাবে না।
- ২। সরকার অনুমোদিত হারে টোল আদায় করতে হবে। সরকারি হারের অতিরিক্ত টোল আদায় করা যাবে না।
- ৩। পাকা রশিদ ব্যতীত কোনক্রমেই টোল আদায় করা যাবে না। ভিড় এড়াতে মূল্য পরিশোধ ও হাসিল আদায় কাউন্টারের সংখ্যা বাড়াতে হবে। মূল্য পরিশোধের সময় সারিবদ্ধভাবে ৩ ফুট দূরত্ব বজায় রেখে টোল আদায় করতে হবে। প্রয়োজনে রেখা টেনে বা গোল চিহ্ন দিতে হবে।
- ৪। ইজারাগ্রহীতাকে দৃশ্যমান একাধিক স্থানে সর্বসাধারণের অবগতির জন্য চার্ট প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।
- ৫। হাট-বাজার ও সংলগ্ন এলাকা পরিষ্কার রাখতে হবে।
- ৬। রেল লাইন এবং জাতীয়/আঞ্চলিক মহাসড়কের উপর বা সন্নিকটে কোন হাট বাজার বরানো যাবে না।
- ৭। পশুর হাটে স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

- ৮। হাটে একটি পশুর সারি হতে অন্য সারির দূরত্ব অন্ততপক্ষে ১৫ ফুট রাখতে হবে। একটি পশু হতে আরেকটা পশু এমনভাবে রাখতে হবে যেন ক্রেতাগণ কমপক্ষে ৩ ফুট বা ২ হাত দূরত্ব বজায় রেখে পশু ক্রয় করতে পারেন।
- ৯। হাটে প্রবেশ ও বের হওয়ার জন্য আলাদা পথ রাখতে হবে।
- ১০। ক্রেতা, বিক্রেতা ও সংশ্লিষ্টদের মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ১১। হাটের প্রবেশ পথে হাত ধোয়ার ব্যবস্থা রাখতে হবে এবং পর্যাপ্ত হ্যান্ড স্যানিটাইজার রাখতে হবে।
- ১২। জীবাণুনাশকের ব্যবস্থা রাখতে হবে।
- ১৩। আইনশৃঙ্খলা বাহিনীর পাশাপাশি নিজস্ব স্বেচ্ছাসেবক দ্বারা শৃঙ্খলা রক্ষা করতে হবে।
- ১৪। প্রস্তাবিত মাঠ/স্থানের নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট হতে হাট বসানোর অনাপত্তি প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক সংগ্রহ করতে হবে।
- ১৫। হাটে পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক এক বা একাধিক ভ্রাম্যমাণ স্বেচ্ছাসেবী মেডিকেল ডিম গঠন করে সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ১৬। বর্ণিত স্থানে হাট বাজার ইজারা প্রদানের ক্ষেত্রে 'সরকারি হাট বাজারসমূহের ব্যবস্থাপনা ও ইজারা নীতিমালা, ২০২১' অনুসরণ করতে হবে।
- ১৭। কোভিড-১৯ বিশেষ পরিস্থিতি বিবেচনায় শিক্ষা প্রতিষ্ঠানের মাঠে অনুমতি দেয়ার বিষয়টি ভবিষ্যতে নজির হিসেবে উপস্থাপন করা যাবে না।
- ১৮। নিলাম ডাকে অংশগ্রহণ কারীদের মধ্যে সর্বোচ্চ দরদাতাকে বিজয়ী ঘোষণা করা হবে। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, বিয়ানীবাজার, সিলেট এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে।



মোঃ আশিক নূর  
উপজেলা নির্বাহী অফিসার  
বিয়ানীবাজার, সিলেট

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে:

- ০১। জেলা প্রশাসক, সিলেট।  
০২। পুলিশ সুপার, সিলেট।  
০৩। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিয়ানীবাজার, সিলেট।

অনুলিপি-জ্ঞাতার্থে:

- ০৪। সহকারীকমিশনার (ভূমি), বিয়ানীবাজার, সিলেট।  
০৫। অফিসার ইনচার্জ, বিয়ানীবাজার, থানা, সিলেট।  
০৬। সহকারী প্রোগ্রামার, বিয়ানীবাজার, সিলেট (তাকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।  
০৭। চেয়ারম্যান, .....ইউনিয়ন পরিষদ, বিয়ানীবাজার, সিলেট। [বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচার করার জন্য অনুরোধ করা হলো]  
০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল), ..... ইউনিয়ন ভূমি অফিস, বিয়ানীবাজার, সিলেট।



মোঃ আশিক নূর  
উপজেলা নির্বাহী অফিসার  
বিয়ানীবাজার, সিলেট